২৬

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ১৪.০৪.২০১৩
[কোড : শীতলক্ষ্যা]
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. 'এই মোর হাতে কোদাল ধরিয়া কঠিন মাটির তলে, গাড়িয়া দিয়াছি কত সোনামুখ নাওয়ায়ে চোখের জলে।' পঙক্তিটি কোন কবির রচনা?**
ক. জসীমউদ্দীন খ. সুফিয়া কামাল
গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. আবদুল কাদির
উত্তর: ক ব্যাখ্যা: উল্লিখিত পঙক্তিটি পল্লিকবি জসীমউদ্দীন রচিত 'কবর' কবিতা থেকে নেওয়া হয়েছে। কবিতাটি প্রথম 'কল্লোল' পত্রিকা'য় প্রকাশিত হয়। 'কবর' কবিতাটি তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী' (১৯২৭০) কাব্যগ্রন্থের অন্তর্গত।

**০২. 'জাহান্নম হইতে বিদায়' শওকত ওসমান রচিত একটি-**
ক. ছোটগল্প খ. উপন্যাস
গ. নাটক ঘ. প্রবন্ধ
উত্তর: খ ব্যাখ্যা: জাহান্নম হইতে বিদায়, দুই সৈনিক, ক্রীতদাসের হাসি, জলাংগী, রাজা উপাখ্যান, নেকড়ে অরণ্য এবং চৌরসন্ধি শওকত ওসমানের উল্লেখযোগ্য উপন্যাস।

**০৩. মুনীর চৌধুরী রচিত 'কেউ কিছু বলতে পারে না' একটি-**
ক. উপন্যাস খ. গল্প
গ. প্রবন্ধ ঘ. অনুবাদ নাটক
উত্তর: ঘ ব্যাখ্যা: মুনীর চৌধুরীর 'কেউ কিছু বলতে পারে না' নাটকটি জর্জ বার্নার্ড শ'র 'You never can tell' এর অনুবাদ। রূপার কৌটা, 'মুখরা রমণী বশীকরণ' তাঁর অন্য দুটি অনুবাদ নাটক।

**০৪. কোন বানানটি শুদ্ধ?**
ক. তেজক্রীয়তা খ. তেজক্রিয়তা
গ. তেজস্ক্রিয়তা ঘ. তেজোক্রীয়তা
উত্তর: গ ব্যাখ্যা: কয়েকটি শুদ্ধ বানান : তেজস্ক্রিয়তা, তোরণ, তিরস্কার, তিরোধান, তিরোভাব, ত্বরণ, ত্বরান্বিত, ত্বাদৃশ।

**০৫. কোনটি শুদ্ধ বানান?**
ক. রৌদ্রকরজ্জল খ. রৌদ্রকরোজ্জ্বল
গ. রৌদ্রকরজ্জ্বল ঘ. রৌদ্রকরোজ্জল
উত্তর: খ ব্যাখ্যা: কতিপয় শুদ্ধ বানান : রৌদ্রকরোজ্জ্বল, রামায়ণ, রমণী, রঙিন, রঙ্গালয়, রপ্তানি, রাজনীতি, রুগ্ণ, রেস্তোরাঁ।

**০৬. 'টাকায় টাকা হয়' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?**
ক. কর্তায় ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী
উত্তর: গ ব্যাখ্যা: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও।

**০৭. 'আজকে নগদ কালকে ধার।' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?**
ক. কর্তায় ২য়া খ. কর্মে ২য়া
গ. অপাদানে ২য়া ঘ. অধিকরণে ২য়া
উত্তর: ঘ ব্যাখ্যা: যে স্থানে বা সময়ে ক্রিয়া সম্পাদিত হয়, তাকে অধিকরণ কারক বলে। যেমন : তারা সকালে পড়ে।

**০৮. 'খাসমহল' (খাস যে মহল) কোন সমাস?**
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি
উত্তর: ক ব্যাখ্যা: যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

**০৯. 'তেপান্তর' (তিন প্রান্তরের সমাহার) কোন সমাস?**
ক. তৎপুরুষ খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. দ্বন্দ্ব
উত্তর: খ ব্যাখ্যা: সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। যেমন : ত্রি কালের সমাহার- ত্রিকাল। এখানে 'ত্রি' সংখ্যাবাচক শব্দ এবং 'কাল' বিশেষ্য।

**১০. 'যা দীপ্তি পাচ্ছে' এক কথায় কী হবে?**
ক. সন্দীপন খ. দীপ্তিমান
গ. আলোকিত ঘ. দেদীপ্যমান
উত্তর: ঘ ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : কথায় যা প্রকাশ করা যায় না- অনির্বচনীয়; কালে যা ঘটে- কালীন; কাচের তৈরি ঘর- শীশমহল; কোনো কিছুতে ভয় নেই যার- অকুতোভয়

**১১. 'যে বস্তি থেকে উৎখাত হয়েছে' এক কথায় কী হবে?**
ক. উদ্বাস্তু খ. সর্বহারা
গ. বস্তিহীন ঘ. কাঙ্গাল
উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় এক কথায় প্রকাশ : যে সব জানে- সর্বজ্ঞ; যা দীপ্তি পাচ্ছে- দীপ্তিমান; যা পূর্বে দেখা যায় নি- অদৃষ্টপূর্ব; যা বলা হবে- বক্তব্য; যে বিষয়ে কোনো বিতর্ক নেই- অবিসংবাদী।

**১২. 'দ্যুলোক' শব্দের সন্ধিবিচ্ছেদ শব্দ কোনটি?**
ক. দু + লোক খ. দুল + অক
গ. দিব + লোক ঘ. দ্যু + অক
উত্তর: গ ব্যাখ্যা: নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য, আ + পদ = আস্পদ, বন্ + পতি = বনস্পতি, মনস্ + ঈষা = মনীষা, ষট্ + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, বৃহৎ + পতি = বৃহস্পতি, গো + পদ = গোষ্পদ, পর + পর = পরস্পর, দিব্ + লোক = দ্যুলোক।

**১৩. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. সরোজ খ. মহীধর
গ. বৈভব ঘ. উদক
উত্তর: খ ব্যাখ্যা: 'পর্বত' এর সমার্থক শব্দ : গিরি, শৈল, মহীধর, অদ্রি, অগ, মহীধ্র, নগ, শৃঙ্গবান, ক্ষিতিধর, পাহাড়, সানুমান।

**১৪. 'নিমগ্ন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
ক. উদাসীন খ. জাগরিত
গ. অপকর্ষ ঘ. নিস্তেজ
উত্তর: ক ব্যাখ্যা: কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| নিরাকার | সাকার | নৈঃশব্দ | সশব্দ |
| নিশ্চয় | সংশয় | নির্মল | পঙ্কিল |

**১৫. 'নির্মম' কথাটি নিচের কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?**
ক. ইঁদুর কপালে খ. অন্তর টিপুনী
গ. বিষের পুটুলি ঘ. মাছের মা
উত্তর: ঘ ব্যাখ্যা: কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা : উনপঞ্চাশের বায়ু (পাগলামি), গুরুচণ্ডালি (উঁচু-নিচু সহাবস্থান), নিরানব্বইয়ের ধাক্কা (সঞ্চয়ের প্রবৃত্তি) রামগরুড়ের ছানা (গোমড়ামুখো ব্যক্তি), খয়ের খাঁ (চাটুকার), খেজুরে আলাপ (অকাজের কথা)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**১৬. কোন বানানটি শুদ্ধ?**

ক. Guillotine খ. Gillotine
গ. Guilotine ঘ. Giullotine

উত্তর✓ ক ব্যাখ্যা Guillotine শব্দের অর্থ শিরচ্ছেদ করার যন্ত্রবিশেষ। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

**১৭. কোনটি শুদ্ধ বানান?**

ক. Mustach খ. Moustach
গ. Moustache ঘ. Mustache

উত্তর✓ গ,ঘ ব্যাখ্যা বাংলা একাডেমি প্রকাশিত অভিধান, অন্যান্য English Bangla Dictinary অনুযায়ী Moustache ও Mustache দুটি বানানই সঠিক।

**১৮. 'He has control —— himself.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. in খ. on
গ. at ঘ. over

উত্তর✓ ঘ ব্যাখ্যা Control over অর্থ নিয়ন্ত্রণ। কারো উপর নিয়ন্ত্রণ বুঝাতে control over ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর অপশন (ঘ)।

**১৯. 'He is callous —— his studies.' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**

ক. on খ. to
গ. for ঘ. in

উত্তর✓ খ ব্যাখ্যা Callous to অর্থ উদাসীন। কোনো কিছুর প্রতি উদাসীন অর্থে Callous to ব্যবহৃত হয়।

**২০. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. Did he take leave of you?
খ. Did he take your leave?
গ. Did he take leave from you?
ঘ. Did he take leave off you?

উত্তর✓ ক ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে অপশন (ক) শুদ্ধ বাক্য। leave of অর্থ ছুটি নেয়া, এখানে কারো কাছ থেকে ছুটি নেয়া অর্থে ব্যবহৃত হয়েছে।

**২১. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. Anis copied the answer word by word
খ. Anis copied the answer word with word
গ. Anis copied the answer word for word
ঘ. Anis copied the answer word in word

উত্তর✓ গ ব্যাখ্যা প্রদত্ত অপশনগুলোর মধ্যে (গ) বাক্যটি শুদ্ধ। word for word এখানে হুবহু নকল করার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

**২২. কোনটি 'sober' শব্দের সমার্থক শব্দ?**

ক. Informal খ. Sedate
গ. Ominary ঘ. Boisterous

উত্তর✓ খ ব্যাখ্যা Sober অর্থ শান্ত, Sedate শব্দের অর্থ ধীর, স্থির যা সমার্থক।

**২৩. 'Opinion' শব্দের সমার্থক শব্দ কোনটি?**

ক. Fact খ. Misgiving
গ. Knowledge ঘ. Belief

উত্তর✓ ঘ ব্যাখ্যা Opinion অর্থ অভিমত, মতামত, ধারণা, বিশ্বাস, Belief শব্দের অর্থ বিশ্বাস।

**২৪. কোনটি Collective Noun?**

ক. Boy খ. Books
গ. Library ঘ. Mouth

উত্তর✓ গ ব্যাখ্যা library অর্থ গ্রন্থাগার, এটি collective Noun অর্থাৎ সমষ্টিকে বুঝিয়েছে।

**২৫. 'you should keep your promise.' বাক্যটির Passive form হবে-**

ক. Your promise should be kept by you
খ. Your promise is to be kept by you
গ. Your promise should keep by you
ঘ. Your promise should kept by you

উত্তর✓ ক ব্যাখ্যা Passive করার নিয়মানুযায়ী অপশন (ক) Your promise should be kept by you. উত্তর সঠিক। সাধারণ নিয়ম: Object কে Sub করতে হয় + tense অনুযায়ী সাহায্যকারী verb (should be) + মূল verb এর PP + by + sub কে object করতে হয়।

**২৬. Am I wanted by you? বাক্যটির Active form হবে-**

ক. Did you want me? খ. Do you want me?
গ. Are you wanted me? ঘ. Have you wanted me?

উত্তর✓ খ ব্যাখ্যা Active form এর নিয়মানুযায়ী অপশন (খ) উত্তর সঠিক। tense অনুযায়ী সাহায্যকারী verb + object কে sub. করতে হয় + মূল verb + sub. কে object করতে হয়।

**২৭. 'Slave' শব্দটি Abstract Noun হবে-**

ক. Slavery খ. Slave
গ. Slaverer ঘ. Slaves

উত্তর✓ ক ব্যাখ্যা Slave অর্থ ক্রীতদাস, এটির Abstract Noun হচ্ছে Slavery (দাসত্ব)।

**২৮. সহজ নিয়ম: Anwar said, 'I have done the sum.' বাক্যটির indirect speech হবে-**

ক. Anwar said that I have done the sum
খ. Anwar said that I had done the sum
গ. Anwar said that he had done the sum
ঘ. Anwar said that he has done the sum

উত্তর✓ গ ব্যাখ্যা Indirect speech এর নিয়মানুযায়ী অপশন (গ) সঠিক উত্তর। Inverted কমা উঠে that বসবে + I এর পরিবর্তে he বসবে + present perfect tense পরিবর্তন হয়ে past perfect tense হবে + বাকি অংশ।

**২৯. He asked me where I had gone the previous day- বাক্যটির direct speech হবে-**

ক. He said to me, "Where did you go yesterday?"
খ. He asked me, "Where have you gone yesterday?"
গ. He asked me, "Where had you gone previous day?"
ঘ. He said to me, "Where did you go previous day?"

উত্তর✓ ক ব্যাখ্যা Direct speech এ রূপান্তরের ক্ষেত্রে asked এর পরিবর্তে said to বসে + object + inverted কমা + প্রশ্নবোধক শব্দ অপরিবর্তিত থাকে + corresponding tense form + yesterday বসে।

**৩০. 'At home' -এর অর্থ-**

ক. Familiar with খ. Try to make a home
গ. One who has lost home ঘ. Home made of bricks.

উত্তর✓ ক ব্যাখ্যা At home এর অর্থ দক্ষ, পরিচিত। Familiar with একই ধরনের অর্থ বহন করে। সুতরাং অপশন (ক) সঠিক উত্তর।

**৩১. দুইটি রাশির অনুপাত ৪ ঃ ৭। পূর্ব রাশি ১৬ হলে, উত্তর রাশি কত?**

ক. ২৪ খ. ২৮
গ. ৩০ ঘ. ৩৫

উত্তর✓ খ ব্যাখ্যা মনে করি, উত্তর রাশি x

$\therefore$ শর্ত মতে, ৪ : ৭ = ১৬ : x

$$\Rightarrow \frac{৪}{৭} = \frac{১৬}{x} \Rightarrow x = \frac{৭ \times ১৬}{৪} = ২৮ \quad \therefore x = ২৮$$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৩২. দুইটি সংখ্যার অনুপাত ৫ ঃ ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ ঃ ৩ হয়। সংখ্যা দুইটি কি কি?

ক. ৭ ও ১১ খ. ১০ ও ১৪
গ. ১০ ও ১৬ ঘ. ১২ ও ১৮

উত্তর ✓ গ ব্যাখ্যা মনে করি, সংখ্যা দুইটি ৫ক ও ৮ক.

প্রশ্নমতে, (৫ক + ২) : (৮ক + ২) = ২ : ৩

$\Rightarrow \frac{৫ক + ২}{৮ক + ২} : \frac{২}{৩}$

$\Rightarrow$ ১৬ক + ৪ = ১৫ক + ৬

$\Rightarrow$ ১৬ক − ১৫ক = ৬ − ৪

$\Rightarrow$ ক = ২

∴ সংখ্যা দুইটি ৫×২ = ১০ এবং ৮×২ = ১৬

৩৩. পিতা ও দুই পুত্রের গড় বয়স ২৪ বছর। তিন বছর পূর্বে দুই পুত্রের গড় বয়স ছিল ১৫ বছর। পিতার বর্তমান বয়স কত?

ক. ৩২ বছর খ. ৩৩ বছর
গ. ৩৪ বছর ঘ. ৩৬ বছর

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

পিতা ও দুই পুত্রের মোট বয়স (১৪ × ৩) = ৭২ বছর

৩ বছর পূর্বে দুই পুত্রের মোট বয়স (১৫ × ২) = ৩০ বছর

দুই পুত্রের বর্তমান বয়স = ৩০ + (৩ + ৩)
= ৩০ + ৬ = ৩৬ বছর

∴ পিতার বর্তমান বয়স = ৭২ − ৩৬ = ৩৬ বছর।

৩৪. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৫ কি.মি ও ৫ কি.মি। নদীপথে ৩০ কি.মি যেয়ে আবার ফিরে আসতে সময় লাগবে–

ক. $৩\frac{১}{২}$ ঘণ্টা খ. ৪ ঘণ্টা
গ. $৪\frac{১}{২}$ ঘণ্টা ঘ. ৫ ঘণ্টা

উত্তর ✓ গ ব্যাখ্যা

স্রোতের অনুকূলে, সময় = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{দুই বেগের যোগফল}}$

$= \frac{৩০}{১৫ + ৫} = \frac{৩০}{২০} = \frac{৩}{২}$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে, সময় = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{দুইবেগের বিয়োগফল}}$

$= \frac{৩০}{১৫ - ৫} = \frac{৩০}{১০} = ৩$

মোট সময় = $\frac{৩}{২} + ৩ = \frac{৩ + ৬}{২} = \frac{৯}{২} = ৪\frac{১}{২}$ ঘণ্টা।

৩৫. কোনো বাড়িতে ১০ জন লোকের ৩০ দিনের খাবার আছে। ঐ বাড়িতে ২ জন মেহমান আসলে ঐ খাবারে তাদের কত দিন চলবে?

ক. ২৫ দিন খ. ২৪ দিন
গ. ২০ দিন ঘ. ২২ দিন

উত্তর ✓ ক ব্যাখ্যা

$P_1D_1 = P_2D_2$ $P_1$ = ১০ জন

$\Rightarrow$ ১০ × ৩০ = ১২$D_2$ $D_1$ = ৩০ দিন

$P_2$ = ১০ + ২ = ১২ জন

$\Rightarrow D_2 = \frac{১০×৩০}{১২}$ $D_2$ = ?

$\Rightarrow D_2$ = ২৫ দিন

৩৬. কোনো পরিবারে মজুদ খাদ্যে ৪ জন সদস্যের ১৮ দিন চলে। মেহমান আসায় ঐ খাদ্যে ১২ দিন চললে কতজন মেহমান এসেছিল?

ক. ২ জন খ. ৪ জন
গ. ৬ জন ঘ. ৮ জন

উত্তর ✓ ক ব্যাখ্যা

১৮ দিন চলে ৪ জন সদস্যের

১ " " (৪ × ১৮) " "

১২ " " $\frac{৪ × ৬}{১২}$ = ৬ জন

মেহমান এসেছিলো = (৬ − ৪) = ২ জন।

৩৭. একটি কলম ১৯০ টাকায় বিক্রি করাতে ৫% ক্ষতি হয়। কলমটির ক্রয়মূল্য কত?

ক. ১৯৫ টাকা খ. ২০০ টাকা
গ. ২১০ টাকা ঘ. ২২০ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা

ক্রয় মূল্য = $\frac{১০০}{১০০ - \text{ক্ষতি}}$ × বিক্রয়মূল্য

$= \frac{১০০}{১০০ - ৫} × ১৯০ = \frac{১০০}{৯৫} × ১৯০ = ২০০$ টাকা

৩৮. একটি পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। আসাদ ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে?

ক. ৭০% খ. ৭৫%
গ. ৮০% ঘ. ৮৫%

উত্তর ✓ গ ব্যাখ্যা

৭৫টি প্রশ্নের মধ্যে শুদ্ধ উত্তর দিয়েছে ৬০টি

∴ ১" " " " " " = $\frac{৬০}{৭৫}$ "

∴ ১০০" " " " " " = $\frac{৬০ × ১০০}{৭৫}$ = ৮০টি।

৩৯. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদ-আসলে ৪৭৬ টাকা হবে?

ক. ৪% খ. $৪\frac{১}{২}$%
গ. ৫% ঘ. ৬%

উত্তর ✓ ক ব্যাখ্যা সুদ = সুদাসল − আসল
= ৪৭৬ − ৪২৫ = ৫১ টাকা

সুদের হার = $\frac{১০০ × \text{সুদ}}{\text{আসল × সময়}} = \frac{১০০ × ৫১}{৪২৫ × ৩}$ = ৪%

৪০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৫}{৯}$
গ. $\frac{৭}{১২}$ ঘ. $\frac{১১}{১৮}$

উত্তর ✓ খ ব্যাখ্যা $\frac{৪}{৩}$ = ০.৭৫, $\frac{৫}{৯}$ = ০.৫৫, $\frac{৭}{১২}$ = ০.৫৮, $\frac{১১}{১৮}$ = ০.৬১

এদের মধ্যে $\frac{৫}{৯}$ = ০.৫৫ ক্ষুদ্রতম।

৪১. যদি $(x - 5)(a + x) = x^2 - 25$ হয়, তবে a -এর মান কত?

ক. −5 খ. 5
গ. 25 ঘ. −25

উত্তর ✓ খ ব্যাখ্যা $(x - 5)(a + x) = x^2 - 25$

$\Rightarrow (x - 5)(a + x) = (x - 5)(x + 5)$

$\Rightarrow a + x = x + 5 \Rightarrow a = 5 + x - x$ ∴ a = 5

**৪২. $(০.০১)^2$ - এর মান কোন ভগ্নাংশটির সমান?**

ক. $\frac{১}{১০}$ খ. $\frac{১}{১০০}$

গ. $\frac{১}{১০০০}$ ঘ. $\frac{১}{১০০০০}$

উত্তর ✓ ঘ $(০.০১)^2 = .০০০১ = \frac{১}{১০০০০}$

**৪৩. $9x^2 + 24x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণ বর্গ হবে?**

ক. 16 খ. 25

গ. 36 ঘ. 49

উত্তর ✓ ক $9x^2 + 24x = (3x)^2 + 2.3x.4 + (4)^2 - 16$
$= (3x + 4)^2 - 16$


16 যোগ করলে যোগফল পূর্ণ বর্গ হবে।

**৪৪. কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে তাকে বলে–**

ক. ভরকেন্দ্র খ. পরিকেন্দ্র

গ. অন্তঃকেন্দ্র ঘ. লম্ববিন্দু

উত্তর ✓ গ ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখণ্ডক রেখার ছেদবিন্দুকে ত্রিভুজের অন্তঃকেন্দ্র বলে।




চিত্রে, $\Delta$ ABC ত্রিভুজের AD, BE এবং CF যথাক্রমে $\angle BAC$, $\angle ABC$ এবং $\angle ACB$ কোণ ত্রয়ের সমদ্বিখণ্ডক। এরা O বিন্দুতে ছেদ করেছে। O হলো ত্রিভুজটির অন্তঃকেন্দ্র।


**৪৫. সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুইটি প্রত্যেকটি –**

ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ

গ. পূরককোণ ঘ. সরলকোণ

উত্তর ✓ ক

এক সমকোণ এর চেয়ে ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে। সমকোণী ত্রিভুজের অতিভুজ সংলগ্ন কোণ দুইটি প্রত্যেকটি সূক্ষ্মকোণ।




**৪৬. 'খাসিয়া উপজাতি' কোন জেলায় অধিক বাস করে?**

ক. রাঙ্গামাটি খ. সিলেট

গ. ময়মনসিংহে ঘ. বান্দরবান

উত্তর ✓ খ বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা ৪৫ টি। খাসী বা খাসিয়া উপজাতি সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার জেলায় বাস করে। খাসিয়াদের ভাষার নাম খাসি।

**৪৭. দহগ্রাম ছিটমহল কোন জেলায় অবস্থিত?**

ক. লালমনিরহাট খ. কুড়িগ্রাম

গ. নীলফামারী ঘ. পঞ্চগড়

উত্তর ✓ ক দহগ্রাম ইউনিয়ন বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অবস্থিত। এর আয়তন ৩৫ বর্গ কিলোমিটার। ১ আগস্ট ২০১৫ সালে বাংলাদেশ ও ভারতের ছিটমহল বিনিময় বা বিলুপ্ত হয়।

**৪৮. সুন্দরবনের পূর্বে কোন নদী অবস্থিত?**

ক. রায়মঙ্গল খ. বালেশ্বর

গ. মাতামুহুরী ঘ. রূপসা

উত্তর ✓ খ সুন্দরবনের পূর্বে বলেশ্বর নদী (পিরোজপুর), পশ্চিমে রায়মঙ্গল নদী (সাতক্ষীরা) এবং দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত।

**৪৯. হিমছড়ি কোন শহরের নিকট অবস্থিত?**

ক. চট্টগ্রাম খ. টেকনাফ

গ. কক্সবাজার ঘ. বান্দরবান

উত্তর ✓ গ হিমছড়ি কক্সবাজার শহর থেকে ১২ কিলোমিটার দূরে অবস্থিত একটি পর্যটন কেন্দ্র। হিমছড়ির একপাশে রয়েছে সুবিস্তৃত সমুদ্র সৈকত এর অন্যপাশে রয়েছে সবুজ পাহাড়ের সারি। হিমছড়ি পাহাড়ে শীতল পানির ঝরনা রয়েছে।

**৫০. 'আনন্দবিহার' কোথায় অবস্থিত?**

ক. ঢাকার মাল্লিবাগে খ. কুমিল্লার ময়নামতিতে

গ. দিনাজপুরের ফুলবাড়িতে ঘ. চট্টগ্রামের রাউজানে

উত্তর ✓ খ 'আনন্দ বিহার' বাংলাদেশের একটি প্রাচীন বৌদ্ধ বিহার। বিহারটি কুমিল্লা জেলার ময়নামতির লালমাই পাহাড়ে অবস্থিত। ধারণা করা হয় ৭ম বা ৮ম শতকে রাজা শ্রী আনন্দ দেব বিহারটি নির্মাণ করেন।

**৫১. লালবাগ কেল্লার নির্মাণ কাজ আরম্ভ করেন কে?**

ক. শায়েস্তা খান খ. মুর্শিদকুলি খান

গ. সুবাদার ইসলাম খান ঘ. যুবরাজ মোহাম্মদ আযম

উত্তর ✓ ঘ লালবাগ কেল্লার আদি নাম আওরঙ্গবাদ দুর্গ। ১৬৭৮ খ্রিস্টাব্দে সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহাজাদা মোহাম্মদ আজম দুর্গটির নির্মাণ কাজ আরম্ভ করেন এবং ১৬৮২ সালে তা সম্পন্ন করেন সুবাদার শায়েস্তা খান।

**৫২. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন–**

ক. বাদশা আকবর খ. বিজয় সেন

গ. লক্ষণ সেন ঘ. ইলিয়াস শাহ

উত্তর ✓ ক সম্রাট আকবর ১৫৮৪ সালে কৃষিকাজের সুবিধার্থে বাংলা সন প্রবর্তন করেন। পণ্ডিত ফাতেহ উল্লাহ সিরাজী সম্রাট আকবরের নির্দেশে বাংলা সনের প্রবর্তন করেন। ১৫৫৬ সালের ৫ নভেম্বর সম্রাটের সিংহাসন আরোহণের সময় থেকে তা কার্যকর করা হয়।

**৫৩. মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কোন সালে গঠিত হয়?**

ক. ১৯৯৮ সালে খ. ২০০০ সালে

গ. ২০০১ সালে ঘ. ২০০২ সালে

উত্তর ✓ গ বর্তমানে বাংলাদেশে মোট মন্ত্রণালয়ের সংখ্যা ৪১টি।। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয় ২৩ অক্টোবর ২০০১ সালে।। Ministry of Liberation War Affairs এর দুইটি বিভাগ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

**৫৪. সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?**

ক. মেসোপটেমিয়ায় খ. পারস্যে
গ. মিশরে ঘ. রাশিয়ায়

উত্তর✓ ক ব্যাখ্যা পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতা মেসোপটেমিয়া। মেসোপটেমীয় সভ্যতার চারটি পর্যায় ছিল – সুমেরীয়, ব্যাবিলনীয়, অ্যাশেরীয় ও ক্যালেডীয় সভ্যতা। মেসোপটেমিয়ায় গড়ে ওঠা সবচেয়ে প্রাচীন সভ্যতা সুমেরীয় সভ্যতা। সুমেরীয়দের অবদান ছিল লিখন পদ্ধতি (কিউনিফর্ম), গিলগামেশ মহাকাব্য, চাকা এবং পাটিগণিতের গুণ পদ্ধতি আবিষ্কার।

**৫৫. নিচের কোনটি যকৃতের রোগ?**

ক. কলেরা খ. টাইফয়েড
গ. জণ্ডিস ঘ. ঘাম

উত্তর✓ গ ব্যাখ্যা বিলিরুবিন যকৃতে উৎপন্ন হয়। বিলিরুবিনের পরিমাণ বেড়ে গেলে ত্বক, চোখের সাদা অংশ হলুদ হয়ে যায়, একে জণ্ডিস বলে। যকৃতের একটি রোগের নাম জণ্ডিস।

**৫৬. রক্তশূন্যতা বলতে বুঝায়–**

ক. রক্তের পরিমাণ কমে যাওয়া
খ. হিমোগ্লোবিনের পরিমাণ কমে যাওয়া
গ. রক্তরসের পরিমাণ কমে যাওয়া
ঘ. অণুচক্রিকার পরিমাণ কমে যাওয়া

উত্তর✓ খ ব্যাখ্যা মানবদেহে যখন হিমোগ্লোবিনের পরিমাণ কমে যায় তখন দেহ ফ্যাকাশে রূপ ধারণ করে, তখন এ অবস্থাকে রক্তশূন্যতা বলে। হিমোগ্লোবিনের উপস্থিতির কারণে রক্তের রং লাল হয়।

**৫৭. সিস্টোলিক চাপ বলতে বুঝায়–**

ক. হৃৎপিণ্ডের সংকোচন চাপ
খ. হৃৎপিণ্ডের প্রসারণ চাপ
গ. হৃৎপিণ্ডের সংকোচন ও প্রসারণ চাপ
ঘ. কোনোটিই নয়

উত্তর✓ ক ব্যাখ্যা হৃদপিন্ডের সংকোচন চাপকে সিস্টোলিক ও প্রসারণ চাপকে ডায়াস্টোলিক চাপ বলে।

**৫৮. বটের বীজের বিস্তার ঘটে কীসের সাহায্যে?**

ক. পাখি খ. পানি
গ. বাতাস ঘ. এর কোনটিই নয়

উত্তর✓ ক ব্যাখ্যা বটের ফল রঙিন হওয়াতে পাখি কর্তৃক এগুলোর বীজের বিস্তার ঘটে। পাখি বটের ফল হজম করতে পারে না। ফলে তাদের মলের সাথে এখানে সেখানে বীজ পড়ে এবং বিস্তার ঘটে।

**৫৯. নাইট্রোজেন থেকে কোন সার তৈরি করা হয়?**

ক. পটাশ খ. টিএসপি
গ. ইউরিয়া ঘ. কোনোটিই নয়

উত্তর✓ গ ব্যাখ্যা ইউরিয়া একটি নাইট্রোজেন ঘটিত জৈব্য যৌগ। নাইট্রোজেন গ্যাসকে বিশেষ প্রক্রিয়ায় অ্যামোনিয়ায় রূপান্তরিত করা হয় এবং পরে অ্যামোনিয়া থেকে ইউরিয়া প্রস্তুত করা হয়। ইউরিয়ায় নাইট্রোজেনের পরিমাণ ৪৬ %।

**৬০. তেল বা চর্বি হচ্ছে এক ধরনের –**

ক. অ্যালকোহল খ. অ্যালডিহাইড
গ. ডিটারজেন্ট ঘ. এস্টার

উত্তর✓ ঘ ব্যাখ্যা গ্লিসারিন ও উচ্চ ফ্যাটি এসিডের সমন্বয় গঠিত এস্টার তেল বা চর্বি। এটি স্বাভাবিক তাপমাত্রায় তরল।

**৬১. কোন রঙের আলোর বিচ্যুতি সবচেয়ে বেশি?**

ক. লাল খ. বেগুনি
গ. সবুজ ঘ. হলুদ

উত্তর✓ খ ব্যাখ্যা যে আলোর তরঙ্গ দৈর্ঘ্য যত কম, সে আলোর বিচ্যুতি তত বেশি। বেগুনি আলোর তরঙ্গ দৈর্ঘ্য কম বলে এর বিচ্যুতি সবচেয়ে বেশি।

**৬২. মাধ্যাকর্ষণজনিত ত্বরণ সবচেয়ে বেশি কোথায়?**

ক. ভূ-পৃষ্ঠে
খ. ভূ-কেন্দ্রে
গ. ভূ-পৃষ্ঠ থেকে ৬০০ মিটার উপরে
ঘ. ভূ-পৃষ্ঠ থেকে ৬০০ মিটার নিচে

উত্তর✓ ক ব্যাখ্যা পৃথিবীর যে বলে বস্তুকে নিজের দিকে টানে সে বলকে মাধ্যাকর্ষণ বল বলে। ভূ-পৃষ্ঠে g এর মান সবচেয়ে বেশি বলে মাধ্যাকর্ষণজণিত ত্বরণ সবচেয়ে বেশি।

**৬৩. কোনটি সপুষ্পক উদ্ভিদ নয়?**

ক. আম খ. অ্যাগারিকাস
গ. শিমুল ঘ. পেয়ারা

উত্তর✓ খ ব্যাখ্যা যে সব উদ্ভিদ স্বভোজী অর্থাৎ নিজের খাদ্য নিজেরা তৈরি করতে পারে তাদেরকে সপুষ্পক উদ্ভিদ বলে। আর উল্টোদিকে যারা স্বভোজী নয়, তারা অপুষ্পক উদ্ভিদ। অ্যাগারিকাস সপুষ্পক নয়। কারণ এরা স্বভোজী নয়।

**৬৪. বাংলাদেশ কত তারিখে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে?**

ক. ২০ জুন ২০০০ খ. ২২ জুন ২০০০
গ. ২৪ জুন ২০০০ ঘ. ২৬ জুন ২০০০

উত্তর✓ ঘ ব্যাখ্যা বাংলাদেশ দশম সদস্য হিসেবে টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০ সালে। বাংলাদেশ প্রথম টেস্ট খেলে ভারতের বিপক্ষে ঢাকায় ১০-১৪ নভেম্বর ২০০০ সালে। প্রথম টেস্ট অধিনায়ক ছিলেন নাঈমুর রহমান দুর্জয়।

**৬৫. ২০১২ সালের এশিয়া কাপের ক্রিকেট ফাইনালে বাংলাদেশ কত রানে পাকিস্তানের কাছে হারে?**

ক. ২ রান খ. ৩ রান
গ. ৫ রান ঘ. ৭ রান

উত্তর✓ ক ব্যাখ্যা ২০১২ সালের এশিয়া কাপে পাকিস্তান ২ রানে বাংলাদেশেকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। ২০১৬ সালের ১৩তম এশিয়া কাপে ভারত বাংলাদেশকে ৮ উইকেটে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়।

**৬৬. কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় কত বছর পর পর?**

ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর

উত্তর✓ গ ব্যাখ্যা প্রথম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে কানাডার হ্যামিলটনে। কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় ৪ বছর পর পর। ২০তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় স্কটল্যান্ডের গ্লাসগোতে ২০১৪ সালে। ২১তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে ২০১৮ সালে অস্ট্রেলিয়ার গোল্ডকোস্টে।

**৬৭. গোবি মরুভূমি কোথায় অবস্থিত?**

ক. এশিয়া খ. উত্তর আফ্রিকা
গ. দক্ষিণ আফ্রিকা ঘ. চীন

উত্তর✓ ক ব্যাখ্যা গোবি মরুভূমি এশিয়া মহাদেশের সবচেয়ে বড় মরুভূমি। এই মরুভূমি চীন এবং মঙ্গোলিয়ার দক্ষিণাংশ জুড়ে রয়েছে। গোবি মরুভূমির আয়তন ১২,৯৫,০০০ বর্গ কিলোমিটার।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**৬৮. কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে?**

ক. জর্ডান খ. ইরাক

গ. কুয়েত ঘ. মিশর

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রথম আরব ও মধ্যপ্রাচ্যের দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে ইরাক ৮ জুলাই ১৯৭২ সালে। প্রথম মুসলিম ও আফ্রিকান দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে সেনেগাল ১ ফেব্রুয়ারি ১৯৭২ সালে। প্রথম এশীয় মুসলিম দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া ২৫ ফেব্রুয়ারি ১৯৭২ সালে।

**৬৯. পানিতে অক্সিজেন ও হাইড্রোজেনের অনুপাত কত?**

ক. ২ ঃ ১ খ. ১ ঃ ২

গ. ১৬ ঃ ১ ঘ. ১ ঃ ১৬

উত্তর ✓ খ ব্যাখ্যা পানির রাসায়নিক সংকেত $H_2O$। ১ ভাগ অক্সিজেন ও ২ ভাগ হাইড্রোজেন নিয়ে পানি গঠিত। এদের অনুপাত ১ : ২।

**৭০. হোয়াইট হাউজ যে শহরে অবস্থিত –**

ক. নিউইয়ার্কে খ. ওয়াশিংটনে

গ. শিকাগোতে ঘ. হনলুলুতে

উত্তর ✓ খ ব্যাখ্যা হোয়াইট হাউজ মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির দাপ্তরিক বাসভবন। ওয়াশিংটন ডি.সি পেনসিলভানিয়া এভিনিউয়ে অবস্থিত। এ বাসভবনটি ১৭৯২ থেকে ১৮০০ সালের মধ্যে প্রতিষ্ঠিত হয়। এই ভবনের স্থপতি ছিলেন আইরিশ নাগরিক জেমস হোবান। জন এডামস প্রথম রাষ্ট্রপতি হিসেবে হোয়াইট হাউজে বসবাস শুরু করেন।

**৭১. পানি বরফে পরিণত হলে কী ঘটবে?**

ক. ঘনত্ব বেড়ে যাবে

খ. আয়তন বেড়ে যাবে

গ. ভর কমে যাবে

ঘ. আয়তনের পরিবর্তন ঘটবে না

উত্তর ✓ খ ব্যাখ্যা পানি বরফ হলে এর আয়তন বেড়ে যায় ব্যতিক্রম ধর্মী প্রসারণের কারণে। কেননা ৪°C তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি হয়।

**৭২. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র–**

ক. ক্রনোমিটার খ. ওডোমিটার

গ. ট্যাকোমিটার ঘ. অলটিমিটার

উত্তর ✓ গ ব্যাখ্যা

| বিষয় | যন্ত্রের নাম |
|---|---|
| উড়োজাহাজের গতি | ট্যাকোমিটার |
| সূক্ষ্ম সময় পরিমাপ | ক্রনোমিটার |
| উচ্চতা পরিমাপক | অলটিমিটার |

**৭৩. কুকুরের মুখে দাঁতের সংখ্যা কত?**

ক. ২৮ খ. ৩২

গ. ৪০ ঘ. ৪৪

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কুকুরের দাঁতের সংখ্যা ৪৪ টি। বয়স্ক মানুষের মুখে দাঁতের সংখ্যা ৩২ টি।

**৭৪. নিচের কোনটি ব্যাকটেরিয়াজনিত রোগ?**

ক. অ্যাথলিটস ফুট খ. টিটেনাস

গ. দাদ ঘ. কুষ্ঠ

উত্তর ✓ খ ব্যাখ্যা ব্যাকটেরিয়া হচ্ছে কোষীয় অঙ্গানুবিহীন, জটিল কোষ প্রাচীর ও আদি প্রকৃতির নিউক্লিয়াস বিশিষ্ট সরল প্রকৃতির এককোষী আনুবীক্ষণিক জীব। এরা মানুষের কলেরা, টাইফয়েড, টিটেনাস, যক্ষা, কুষ্ঠ প্রভৃতি রোগ সৃষ্টি করে।

**৭৫. কোন গ্যাসকে অত্যাধিক চাপে তরল করে সোডা ওয়াটার তৈরি করা হয়?**

ক. অক্সিজেন খ. কার্বন ডাইঅক্সাইড

গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন

উত্তর ✓ খ ব্যাখ্যা কার্বন-ডাই অক্সাইড অত্যাধিক চাপে তরল করে সোডা ওয়াটার তৈরি করা হয়।

**৭৬. বার্সেলোনা নগরী কোথায় অবস্থিত?**

ক. ইতালিতে খ. পর্তুগালে

গ. স্পেনে ঘ. ফ্রান্সে

উত্তর ✓ গ ব্যাখ্যা বার্সেলোনা স্পেনের দ্বিতীয় বৃহত্তম শহর এবং কাতালোনিয়া অঙ্গরাজ্যের রাজধানী। বার্সেলোনার আয়তন ১০০.৪ বর্গ কিলোমিটার।

**৭৭. 'পাবলো পিকাসো' কে ছিলেন?**

ক. চিত্রশিল্পী খ. সঙ্গীত শিল্পী

গ. দার্শনিক ঘ. সাহিত্যিক

উত্তর ✓ ক ব্যাখ্যা পাবলো পিকাসো ২৫ অক্টোবর ১৮৮১ সালে স্পেনের মালাগায় জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে চিত্রশিল্পী, ভাস্কর, মৃৎশিল্পী, কবি এবং নাট্যকার। তার বিখ্যাত শিল্পকর্ম হচ্ছে গোয়ার্নিকা, উইমেন অব আলজিয়ার্স, সেলফ পোট্রেট, দ্য ব্লু রুম, ওল্ড গিটারিস্ট প্রভৃতি। পাবলো পিকাসো ৮ এপ্রিল ১৯৭৩ সালে ফ্রান্সে মৃত্যুবরণ করেন।

**৭৮. আন্তর্জাতিক রেডক্রসের সদর দপ্তর কোথায় অবস্থিত?**

ক. হেগ খ. লন্ডন

গ. জেনেভা ঘ. ওয়াশিংটন

উত্তর ✓ গ ব্যাখ্যা রেডক্রসের প্রতিষ্ঠাতা সুইজারল্যান্ডের নাগরিক হেনরি ডুনান্ট। রেডক্রস প্রতিষ্ঠিত হয় ৯ ফেব্রুয়ারি ১৮৬৩ সালে। রেডক্রসের সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। মুসলিম বিশ্বে রেডক্রস রেডক্রিসেন্ট নামে পরিচিত।

**৭৯. উচ্চ পর্বতের উপর পানির স্ফুটনাঙ্ক কমে যায়, কারণ ঐ উচ্চতায়–**

ক. বায়ুর চাপ বেশি খ. বায়ুর চাপ কম

গ. সূর্য তাপের প্রখরতা বেশি ঘ. কোনোটিই নয়

উত্তর ✓ খ ব্যাখ্যা উচ্চতা বৃদ্ধির সাথে সাথে বায়ুর চাপ কমতে থাকে। উচ্চ পর্বতে বায়ুর চাপ কম, তাই উঁচু পর্বতের উপর পানির স্ফুটনাংক কমে যায় এবং পানি ১০০°C কম তাপমাত্রায় ফুটতে শুরু করে।

**৮০. বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা কোনটি?**

ক. বান্দরবান খ. রাঙামাটি

গ. নারায়ণগঞ্জ ঘ. এর কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা পঞ্চম আদমশুমারি-২০১১ এর রিপোর্ট অনুযায়ী বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা নারায়ণগঞ্জ। আয়তন ৬৮৪.৩৭ বর্গ কিলোমিটার। আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙ্গামাটি (৬১১৬.১১ বর্গ কিলোমিটার)। বান্দরবান জেলার আয়তন ৪৪৭৯.০১ বর্গ কিলোমিটার।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS